cooparative.wazirpur.barisal.go | Edit Page | National Portal

Not secure cooparative.wazirpur.barisal.gov.bd/bn/site/page/অভিযোগ-প্রতিকার-মাসিক-ত্রৈমাসিক-বার্ষিক-প্রতিবেদন

(22) YouTube | Google Account | Gmail | YouTube | Maps | Sent Mail - ucowazi... | সমবায় অফিস | dashboard.rdcd.gov... | All Bookmarks

বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন

উপজেলা পর্যা... | বরিশাল বিভাগ | বরিশাল জেলা | উজিরপুর উ... | সমবায় অফিস | Bangla | Go




আমাদের সম্পর্কে | আমাদের সেবা | ঊর্ধ্বতন অফিস | ই-সেবা | গ্যালারি | যোগাযোগ | মতামত

কনটেন্টটি শেয়ার করতে ক্লিক করুন

ফেইসবুক পেইজ ভিজিট ও লাইক দিন

পোলিং

মতামত

## অভিযোগ প্রতিকার মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক ২০২৪-২০২৫ অগ্রগতি ও প্রমাণক:

| ক্র: নং | ত্রৈমাসিকের নাম | ডাউনলোড |
|---|---|---|
| ১ | ১ম ত্রৈমাসিক অর্জন ও অর্জনের প্রমানক (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) | অর্জন অগ্রগতি , অগ্রগতির প্রমাণক |

**অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক ২০২৩-২০২৪ অগ্রগতি ও প্রমাণক:**

| ক্র: নং | ত্রৈমাসিকের নাম | প্রতিবেদন ও প্রমাণকসমূহসহ দেখতে নিচে ক্লিক করুন |
|---|---|---|

Activate Windows
Go to Settings to activate Windows.

74°F Haze | Search | 1:49 PM 12/31/2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় অফিসারের কার্যালয়
উজিরপুর, বরিশাল।
cooparative.wazirpur.barisal.gov.bd

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনের অবহিতকরন সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ রিয়াদ খান
স্থান : উপজেলা সমবায় কার্যালয়, উজিরপুর, বরিশাল।
তারিখ : ২০.০৮,২০২৪ খ্রি., রোজ: মঙ্গল বার।
সময় : বেলা ১১.০০ ঘটিকা। উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ রিয়াদ খান, উপজেলা সমবায় অফিসার, উজিরপুর, বরিশাল এর সভাপতিত্বে সভার কার্য শুরু হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। সভাপতি অদ্যকার সভার আহবান ও উদ্দেশ্য সম্পর্কে বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪ খ্রিঃ এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে আমাদের চার কোয়াটারে দুইটি সভা করার বাধ্যবাধকতা আছে। সেজন্য অত্র উপজেলার কর্মকর্তা, কর্মচারী ও সমবায়ীদের অংশগ্রহণে এই বছরের প্রথম সভার আয়োজন করা। তিনি এই সভার উদ্দেশ্য বর্ননা করে বলেন যে, আমাদের প্রতিটি ক্ষেত্রে সুশাসন প্রতিষ্টা করতে হবে। সমবায় বিভাগের কর্মকর্তা, কর্মচারীদের ক্ষেত্রে সুশাসন হল তাদের উপর অর্পিত দায়িত্ব সততা, নিষ্ঠা ও সময়মত সম্পাদন করা। তেমনিভাবে সমবায় সমিতির ক্ষেত্রে শুদ্ধাচার হ'ল সমিতির খাতাপত্র নিয়মিত হালনাগাদ রাখা, প্রতি মাসে একটি ব্যবস্থাপনা কমিটির সভা করা এবং রেজুলেশন খাতায় লিপিবদ্ধ করা, কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে হিসাবদি সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা। বার্ষিক অডিট সম্পাদন করা অডিট সম্পাদনের পর অডিট সংশোধনী প্রতিবেদন কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা, অডিট সম্পাদনের ৬০ দিনের মধ্যে বার্ষিক সাধারন সভা করা, কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বার্ষিক সাধারন সভায় অনুমোদন গ্রহণ ও কর্মচারীদের জন্য সার্ভিস রুল প্রনয়ন করা। খরচের ক্ষেত্রে ভাউচার ও আদায়ের ক্ষেত্রে রশিদ সংরক্ষণ করা প্রভৃতি বিষয়ে সমিতি যদি যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন তবে সমিতির ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠা হবে।

তিনি অদ্যকার সভায় উপস্থিত সকলকে উপজেলা সমবায় দপ্তরের সেবা সম্পর্কে, কোন অভিযোগ থাকলে তা উপস্থাপন করার আহবান জানান। অংশগ্রহনকারীগনের কোন অভিযোগ না থাকায় কেউ কোন অভিযোগ দাখিল করেন নি।

উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল মহোদয় বলেন যে, সমিতির সদস্যরা যদি প্রশিক্ষণ নিতে চান তবে সংশ্লিষ্ট সমবায় দপ্তরে তাদের প্রয়োজনীয় কাগজপত্র জমা রাখার পরামর্শ দেন। প্রশিক্ষণের সময় হলে তারা প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন। তিনি আরো বলেন যে, উপজেলা সমবায় কার্যালয়ের আওতায় সারা বছরই ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয় তারা এ প্রশিক্ষণ ও গ্রহণ করতে পারবেন। তিনি উপজেলা অফিসের সাথে যোগাযোগ রাখার পরামর্শ দেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেণ।

২৮/০৮/২০২৪
মোঃ রিয়াদ খান
উপজেলা সমবায় অফিসার
উজিরপুর, বরিশাল
ucowazirpur@gmail.com

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনের অবহিতকরণ সভার হাজিরা সীট

তারিখঃ ২০/০৮/২০২৪খ্রি. রোজ: মঙ্গল বার

| ক্রঃ নং | সদস্যদের নাম | মোবাইল নম্বর | সমিতির নাম ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | [illegible] বেগম | 0179[illegible] | [illegible] স.স. লি. [illegible] | [illegible] |
| ২ | [illegible] রানী | [illegible] | ✓ | [illegible] |
| ৩ | মনি রানী | [illegible] | ✓ | [illegible] |
| ৪ | সীতা রানী | 01[illegible] | ✓ | সীতা রানী |
| ৫ | [illegible] | 01720962030 | ✓ | [illegible] |
| ৬ | মরিয়ম বেগম | 01728140984 | [illegible] | [illegible] |
| ৭ | [illegible] বেগম | 01717956568 | ✓ | [illegible] |
| ৮ | [illegible] বেগম | 01715554690 | ✓ | [illegible] |
| ৯ | দিপালী রানী | 01776107370 | ✓ | দিপালী |
| ১০ | [illegible] | 01734105527 | ✓ | [illegible] |
| ১১ | [illegible] বেগম | 01580790161 | [illegible] | [illegible] |
| ১২ | [illegible] বেগম | [illegible] | ✓ | [illegible] |
| ১৩ | [illegible] | 01996335x5 | [illegible] | [illegible] |
| ১৪ | [illegible] রানী | 01322171281 | ✓ | [illegible] |
| ১৫ | [illegible] | 01879819661 | ✓ | [illegible] |
| ১৬ | [illegible] | 01786495416 | ✓ | [illegible] |
| ১৭ | [illegible] | 01765351369 | ✓ | [illegible] |
| ১৮ | [illegible] রানী | 01736833895 | [illegible] | [illegible] |
| ১৯ | [illegible] রানী | 01736833895 | ✓ | [illegible] |
| ২০ | [illegible] রানী | 0192804[illegible] | ✓ | [illegible] |
| ২১ | [illegible] রানী | 01783566182 | ✓ | [illegible] |
| ২২ | [illegible] রানী | 01719532999 | ✓ | [illegible] |
| ২৩ | [illegible] রানী | 01720462030 | [illegible] | [illegible] |
| ২৪ | [illegible] বেগম | 01725496241 | ✓ | [illegible] |
| ২৫ | [illegible] বেগম | 01725496241 | ✓ | [illegible] |

CS CamScanner